

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬০২

১/ বিবিধ

আরবী

إن الله عز وجل يقول: أنا الله لا إله إلا أنا، ملك الملوك، ومالك الملوك، قلوب الملوك بيدي، وإن العباد أطاعوني حولت قلوب ملوكهم عليهم بالرأفة والرحمة، وإن العباد عصوني حولت قلوب ملوكهم بالسخط والنقمة فساموهم سوء العذاب، فلا تشغلوا أنفسكم بالدعاء على الملوك، ولكن اشغلوا أنفسكم بالذكر والتضرع أكفكم مولكم ضعيف جدا

رواه الطبراني وعنه أبو نعيم (2 / 389) وتمام (6 / 77 / 1 من مجموع الظاهرية رقم 95) عن أبي عمرو المقدم بن داود قال: حدثنا علي بن معبد قال: حدثنا وهب بن راشد عن مالك بن دينار عن (خلاس) بن عمرو عن أبي الدرداء مرفوعا. قلت: وهذا إسناد ضعيف جدا، المقدم بن داود قال النسائي " ليس بثقة ". ووهب بن راشد هو الرقي قال ابن عدي: " ليس حديثه بالمستقيم، أحاديثه كلها فيها نظر ". وقال الدارقطني: " متروك ". وقال ابن حبان: لا يحل الاحتجاج به بحال ". وقال الهيثمي (5 / 249): " رواه الطبراني في " الأوسط " وفيه وهب (الأصل: إبراهيم وهو تحريف) ابن راشد وهو متروك قلت: وتعصيب الجناية به وحده ليس بجيد لما علمت أن في الطريق إليه المقداد بن داود، وهو مثله في الضعف

বাংলা

৬০২। আল্লাহ তা'আলা বলেনঃ আমি আল্লাহ আমি ছাড়া সত্যিকার অর্থে অন্য কোন উপাস্য নেই। রাজাদের রাজত্ব, রাজাদের মালিক এবং রাজাদের অন্তরগুলো আমার হাতে। বান্দারা যদি আমার উপাসনা করে তাহলে তাদের রাজাদের হৃদয়গুলো তাদের উপর আমি নরম এবং দয়া প্রবণ করে দিই। বান্দারা যদি আমার নাফারমানী করে তাহলে তাদের রাজাদের হৃদয়গুলোকে রাগান্বিত এবং শাস্তিমূলক করে দি। ফলে তারা তাদেরকে খারাপ শাস্তি দ্বারা শাস্তি দেয়। অতএব তোমরা রাজাদের বিপক্ষে দো'আ করতে নিজেদেরকে ব্যস্ত করো না। বরং তোমরা তোমাদেরকে যিকর ও আনুগত্যের মাঝে ব্যস্ত রাখো আমি তোমাদের জন্য তোমাদের রাজাদের বিপক্ষে যথেষ্ট।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি তাবারানী, তার থেকে আবু নোয়াইম (২/৩৮৯) এবং তাম্মাম (৬/৭৭/১) আবু আমর আল-মিকদাম ইবনু দাউদ হতে তিনি আলী ইবনু মা'বাদ হতে তিনি ওয়াহাব ইবনু রাশেদ হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি নিতান্তই দুর্বল। এই মিকদাম ইবনু দাউদ সম্পর্কে ইমাম নাসাঈ বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন।

ওয়াহাব ইবনু রাশেদ সম্পর্কে ইবনু আদী বলেনঃ তার হাদীছ সঠিক নয়, তার সকল হাদীছে বিরূপ মন্তব্য রয়েছে। দারাকুতনী বলেনঃ তিনি মাতরুক।

ইবনু হিব্রান বলেনঃ তার দ্বারা কোন অবস্থাতেই দলীল গ্রহণ করা হালাল নয়। হায়ছামী (৫/২৪৯) বলেনঃ হাদীছটি তাবারানী “আল-আওসাত” গ্রন্থে বর্ণনা করেছেন। তাতে ওয়াহাব ইবনু রাশেদ রয়েছে, তিনি মাতরুক।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটি দুর্বল হওয়ার জন্য শুধুমাত্র ওয়াহাবকে দোষ দেয়া ঠিক হবে না। কারণ মিকদামও তার ন্যায় দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71481>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন